# গাজার শরণার্থী শিবিরে ইসরায়েলি ড্রোন হামলায় নিহত ৫



সংগৃহীত ছবি

অবরুদ্ধ গাজা উপত্যকার মধ্যাঞ্চলের আল-মাগাজি শরণার্থী শিবিরে ইসরায়েলি ড্রোন হামলায় অন্তত পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। হামলার ঘটনায় এলাকায় ব্যাপক আতঙ্ক ছড়িয়ে পড়ে।

মঙ্গলবার (২৬ মে) স্থানীয় বিভিন্ন গণমাধ্যম এ তথ্য নিশ্চিত করেছে। কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরা জানিয়েছে, শিবিরের পূর্বাঞ্চলে একদল ফিলিস্তিনিকে লক্ষ্য করে এই হামলা চালানো হয়।

স্থানীয় সূত্রগুলোর দাবি, ওই এলাকায়

ইসরায়েল-সমর্থিত সশস্ত্র গোষ্ঠীর উপস্থিতির প্রতিবাদ জানাচ্ছিলেন কয়েকজন ফিলিস্তিনি। এ সময় হঠাৎ আকাশ থেকে ড্রোন হামলা চালানো হলে ঘটনাস্থলেই পাঁচজন নিহত হন। হামলায় আরও কয়েকজন আহত হয়েছেন বলেও জানা গেছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, বিস্ফোরণের পর পুরো এলাকায় ধোঁয়া ছড়িয়ে পড়ে এবং আতঙ্কিত মানুষ নিরাপদ আশ্রয়ের খোঁজে ছোটাছুটি শুরু করেন। পরে উদ্ধারকারীরা ঘটনাস্থল থেকে হতাহতদের সরিয়ে নেন।

দীর্ঘদিনের সংঘাতে গাজা উপত্যকার মানবিক পরিস্থিতি ভয়াবহ আকার ধারণ করেছে। টানা সামরিক অভিযানে অঞ্চলটির অবকাঠামো ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। নিহতদের বড় একটি অংশ নারী ও শিশু বলে বিভিন্ন আন্তর্জাতিক প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

এদিকে আন্তর্জাতিক চাপের মুখে যুদ্ধবিরতির ঘোষণা এলেও গাজায় হামলা পুরোপুরি থামেনি। সাম্প্রতিক সময়েও ড্রোন ও বিমান হামলায় নতুন করে প্রাণহানির ঘটনা ঘটছে, যা অঞ্চলটির পরিস্থিতিকে আরও সংকটময় করে তুলেছে।

LENS ASIA